




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
জরিপ অধিশাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd



ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৩৭.১৪.৩০

তারিখ: ২২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রাপক : জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কুমিল্লা।

বিষয় : জনাব মো. জসিম উদ্দিন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, কুমিল্লা
জোন-এর সংশোধিত আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি।

সূত্র : (১) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মারক নম্বর : ৩১.০৩.০০০০.০০২.২০.০১৭.১৪.০১৩ ; তারিখ : ০৮/০১/২০২৩ খ্রি.।
(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নম্বর : ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৭.১২.৩৪১, তারিখ : ২৬/১১/২০১৯ খ্রি.।
(৩) ভূমি মন্ত্রণালয়ের জরিপ-১ শাখার স্মারক নম্বর : ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৩৭.১৪-২৮৯; তারিখ : ১৭/০৬/২০১৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো. জসিম উদ্দিন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, কুমিল্লা জোন ২৯/০৮/২০১৩ তারিখ চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করেন। এই মন্ত্রণালয়ের ১৭/০৬/২০১৪ তারিখের ৩১.০০.০০০০.০৩৬.০১৩.০৩৭.১৪-২৮৯ নম্বর স্মারকে তার আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুর করা হলে হিসাবরক্ষণ অফিস হতে তার মূল বেতন (১৩৪৫০+পিপি ১৫০+মহার্ঘ ভাতা ২,৭২০)= ১৬,৩২০/- টাকার উপর ৮০% হারে মাসিক অবসর ভাতা ৬,৫২৮/- (ছয় হাজার পাঁচশত আঠাশ) টাকা এবং এককালীন আনুতোষিক বাবদ ১৩,০৫,৬০০/- (তের লক্ষ পাঁচ হাজার ছয়শত) টাকা অবসর ভাতা ও আনুতোষিক তার স্ত্রী নূর নাহার বেগম কর্তৃক উত্তোলন করা হয়েছিল।

২। উপর্যুক্ত বিষয়ে সূত্রস্ব ২ ও ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব মো. জসিম উদ্দিন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, কুমিল্লা উন্নীত বেতন স্কেল প্রাপ্ত হওয়ায় জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা কর্তৃক বেতন পুনঃনির্ধারণ পূর্বক সংশোধিত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) জারি করায় তার মূল বেতন (১৯,৯০০+২০% মহার্ঘ ভাতা ৩,৯৮০)=২৩,৮৮০/- (তেইশ হাজার আটশত আশি) টাকার উপর নির্ধারিত ৮০% হার অনুযায়ী আনুতোষিক বাবদ এককালীন ১৯,১০,৪০০/- (উনিশ লক্ষ দশ হাজার চারশত) টাকা এবং বিধি মোতাবেক মাসিক অবসর ভাতা ৯,৫৫২/- (নয় হাজার পাঁচশত বায়ান্ন) টাকা প্রাপ্য। পূর্বে উত্তোলিত আনুতোষিক বাদে (১৯,১০,৪০০ - ১৩,০৫,৬০০) = ৬,০৪,৮০০/- (ছয় লক্ষ চার হাজার আটশত) টাকা আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি সচিব, ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩। জনাব মো. জসিম উদ্দিন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, কুমিল্লা জোন ২৯/০৮/২০১৩ তারিখ চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করায় তার স্ত্রী নূর নাহার বেগম এর অনুকূলে সংশোধিত বকেয়া আনুতোষিক ও বিধি মোতাবেক মাসিক পারিবারিক অবসর ভাতা ২৯/০৮/২০১৩ তারিখ হতে প্রদানের মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে প্রদান করা হল।

৪। জনাব মো. জসিম উদ্দিন সরকার-এর স্ত্রী নূর নাহার বেগম-এর অনুকূলে বকেয়া আনুতোষিক ও বিধি মোতাবেক মাসিক অবসর ভাতা মঞ্জুরের লক্ষ্যে প্রাপ্ত কাগজাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এইসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি : ১৮ (আঠার) ফর্দ।

স্বাক্ষরিত

(এম.এম. আরিফ পাশা)

যুগ্মসচিব (জরিপ-১)

ভূমি মন্ত্রণালয়

ফোন: ৫৫১০০০৪৮


E-Mail: survey1@minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৩৭.১৪-৩০/১(৯)

তারিখ: ২২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২। জোনাল সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, কুমিল্লা।
- ৭। নূর নাহার বেগম, স্বামী মৃত জনাব মো. জসিম উদ্দিন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, কুমিল্লা (বর্তমান ঠিকানা :গ্রাম/মহল্লা- পূর্ব রেইসফোর্স, ডাকঘর-কুমিল্লা-৩৫০০, কুমিল্লা সিটি কর্পোরেশন, উপজেলা- আদর্শ সদর, জেলা-কুমিল্লা)।
- ৮। অতিরিক্ত সচিব (জরিপ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অফিস কপি/ মাস্টার কপি, ভূমি মন্ত্রণালয়।


(এম.এম. আরিফ রাশিদ)
যুগ্মসচিব (জরিপ-১)